জমাট বরফ সঞ্চিত জল
ক্ষীণ নদীর ধারা
‘ধ্বস্ত সময় প্রবল জ্বরে
হাঁটছে দিশেহারা।

অনভ্যাসের য-ফলা

অনভ্যাসের য-ফলাতে ভর করেছে দারুণ অসুখ
সারাটা দিন বিঁধতে থাকে মগজ এবং হৃদয় জুড়ে
তীরের মতো সূক্ষ্ম ফলা,
কয়েক যুগের রেওয়ামিলে সংখ্যাগুলো ওলোট পালোট।

শূন্যগুলো হারিয়ে গেছে হন্যে হয়ে মরছি ঘুরে
ডানে বাঁয়ে চতুর্পাশে,
গভীর গোপন ক্ষতগুলো চরের মতো উঠছে জেগে
দগদগে ঘা ডুমো মাছি আগাম দখল নেয়ার আশায়
ভনভনভন ঘুরছে অনেক।
রঙিন ঘুড়ির চেনা আকাশ আকস্মিকই এলোমেলো
ঝড়ের আভাস কুঁচকে দিলো ভাসতে থাকা মেঘগুলোকে,
চেনা স্বরে ভিন্ন কাহন
সন্তমুখের মানুষগুলো দ্রুত কেমন পাল্টে গেলো
বিবর্তনের ধার না ধেরে দাঁতে নখে এবং চোখে
বিশালাকার দানব হলো এক এক করে ক্রমান্বয়ে,
নগণ্য সব হিসেব নিকেষ কাগজ জুড়ে বসে থাকে
লিউকোমিকে অসভ্যতার অন্তঃগমন অনিবার্য যখন তখন।

ছুরির ধারে এফোঁড় ওফোঁড় সুবর্ণ সব সময় যতো
বুকপাঁজরে সে নাম এখন অবিশ্বাসের ঘণ্টাধ্বনি
বাজিয়ে চলে বিরামবিহীন; কান্নাধ্বনি উথলে ওঠে
কিন্তু আবার বলক দেয়া চায়ের মতো টিমে জ্বালে
যায় সঁধিয়ে প্রকট ঘৃণার নাভিমূলে।

পূর্ণ পাতার ছেদ

পূর্ণ পাতায় ছেদ পড়েছে
হারাচ্ছে খেই মন
উড়ছে সময় পাগলা হাওয়ায়
শ্বেচ্ছাচারী ক্ষণ।

পুড়ছে সময়, পুড়ছে মগজ
ভাবনাগুলো একা
সংক্ষুব্ধ হৃদয় জুড়ে
সঙ্কক্ষণের লেখা।

সুরম্য সব অট্টালিকা
পাথর বাঁধা সুখ
সঙ্গোপনে জল এসেছে
ভাসিয়ে দিতে বুক।

এক বিছানা দুটো বালিশ
মধ্যপাড়ায় চাঁদ
হাত বাড়ালেই হাজার রকম
ভালোবাসার ফাঁদ ।

উপেক্ষা আর অবহেলায়
সমাজ কাটে সাঁতার
সন্দেহের খোঁজে খোঁজে
প্রহর কাটে আমার ।

বন্ধ সময় অবাধ্য মন
সন্তরণের বেলা
সমাজের সময় খেলছে
নিদারুণের খেলা ।

নিউইয়র্ক

সুমন সরদার

কেবল একা

এই মজা পথে একদিন ঢেউ তুলে গিয়েছিল
বাউলের একতারা সুর—
বাতাসে গেরুয়া ওড়ে, সুপ্ত থাকে অন্তরে সংঘাত
সংসার ত্যাগের মহিমায় আরেক সংসার রঞ্জু
ধরতে না পারার অসুখ
নিয়ত বিষিয়ে তোলে মধ্যাহ্ন জানালা

পাওয়া না পাওয়ার হিসেবটা বড়ই অদৃশ্য থাকে
মুক্তির জন্যে যে যুদ্ধ তা কি দৃশ্যমান
দৃশ্যত অসংখ্য প্রতিযোগিতার দৌড় নিয়েই মানুষ ব্যস্ত
লুপ্তবর্ণ আঁধারের গভীরতা কোথাও কোথাও

যখন পাখিরা একসঙ্গে নীড়ে ফেরে সন্ধ্যাবেলা
অথবা ফেরে না
যখন পশ্চিমে লালসূর্য টাইটানিকের মতো ডুবে যায়
অথবা ডোবে না
তখন অপাপপুষ্ট একজোড়া চোখ শুধু স্থির হয়, দেখে;
প্রতিযোগীহীন প্রতিযোগিতার মাঠে
বেড়ে ওঠে এক বৃক্ষ
নিভতে, কেবল একা!

ঢাকা

অহনা বিশ্বাস

নববর্ষা

১

আমি বুঝে নিয়েছি সব সংকেত, আকাশের কালো হাসি।
তুমি বজ্রকে মানিকই বলো, আর মৃত্যুই বলো
তার মুখোমুখি যেতে যখন হবে
তখন যাওয়াই যাক।

২

গৃহস্থ ডালপালা ছাঁটছেন বর্ষায়।
যার ছাগল, তিনি মাথার দিক থেকে কাটবেন,
নাকি পায়ের দিক থেকে, বাটকা না কি জবাই,
তাতে কীইবা এসে যায় আমাদের।
নর্দমার পাশে রক্তমাখা ডালপালা,
কাদায় ডুবে যাওয়া মুণ্ডকাটা করবী স্থির চোখে তাকিয়ে

কোথা থেকে একটা ভেলভেট পোকা উড়ে
মৃত টগরের সাদা পাপড়ির ওপর বসতেই—
কী করে যে তার চোখে পরিষ্কার অশ্রু দেখা দিলো।

বর্ষার সময়, গৃহস্থ আপুত। তার উঠোনে এখন
সটান আলো আসছে। কোথাও কোনও বাধা নেই।

৩

না হয় এক দুরন্ত অশ্বারোহীর মতো তুমি এলে,
সে তো কেবল আমি গুঁড়ো গুঁড়ো হবো বলে।

দাঁড়াও, একে নানা রঙের উপমা দিয়ে সাজিয়ে তুলি।
যেনো নতুন বরের কপালে টিপ চন্দন পরাচ্ছি।
সবাই হাঁ করে দেখছে।
হ্যাঁ, যা বলছিলাম—
একে অনায়াসে তুমি কালবৈশাখী বলতে পারো।
বলতে পারো মেঘভাঙা বৃষ্টি,

অথবা বাঁধভাঙা বন্যা, শিকড় ওপড়ানো প্রাচীন অশথ,
অথবা শূন্য মাঠে হা হা হাসি,
চরাচর ঝলসানো বিদ্যুতের ছোবল।

তবে কী জানো, বাজ যাকে খায়
সে জীবিত না কি মৃত—কিছুই বোঝা যায় না।

মাকে লেখা চিঠি

১

ষাঁড়ের পিঠে চেপে বসেছি সপ্তেমে।
এবার তুমি ছায়া দাও। তেঁতুল পাতার
চিরনির মতো সাদা কালো ডুরে ছায়া।
সে এখন বিশ্রাম নেবে। তাঁর কুঁজে মাথা রেখে
আমিও ঘুমাবো দীর্ঘ।
শুধু তুমি থেকো আশেপাশে।

২

সন্ধে হলে কেবল আমাকে জড়িয়ে ধরো মা।
অন্ধকারকে এখনও আমি ভয় পাই।

শান্তিনিকেতন

তারেক মাহমুদ

টেবিল

আমার ঘরে আজ একটি টেবিল এলো
ঘরের মধ্যে টেবিল না হলে নাকি চলে না

টেবিলের শরীরে কাঁচা গন্ধ, রঙ করা হয়নি, প্রয়োজনও নেই
যার যা রঙ তার তা থাকাই ভালো

এই টেবিলটি কোন কাঠের জানি না
কোন কাঠের টেবিল ভালো হয়
সে সম্পর্কে আমার ধারণা নেই

যদি জানা যেতো টেবিলটি কোন কাঠের
কোন এলাকায় তার জন্ম, কোন ভিটের মাটিতে
কোন ফলের বীজ থেকে সে জন্মেছিলো
কতোদিন দাঁড়িয়েছিলো একই স্থানে
কতো মানুষ সেই গাছটির বেড়ে ওঠা দেখেছে
হয়তো সেই গাছের ছায়ায় আশ্রয় নিয়েছে কতো পথচারী
কোরবানি-ঈদে সেই গাছের নীচে
কতো নিরীহ পশুকে স্রষ্টার দরবারে উৎসর্গ করা হয়েছে
সেই গাছে কতো কতো পাখি কতো কতো গান গেয়েছে

আহা, গাছটি হয়তো ইচ্ছে মতো বেড়ে উঠতেও পারেনি
হয়তো গাছটি ছিলো কোনো গরীব চাষীর
মেয়ের বিয়েতে এতো আদরের গাছটিকে
সস্তা দরে ব্যাপারির হাতে তুলে দিতে হয়েছে
সেই গাছটি কাটতে কতো মানুষ লেগেছে
গাছটির বেদনা কি কেউ বুঝেছে
গাছটি কাটবার পর শেষ হয়েছে কিছুদিন
অভ্যাসবশত কতো মানুষ গাছটির দিকে তাকিয়েছে
শূন্যস্থান দেখে কেউ হয়তো স্মৃতিকাতর হয়ে উঠেছে

গাছটি কাঠ চেরাইয়ের কল থেকে কাঠ হয়ে এসেছে এই শহরে

কাঠমিস্ত্রি কতো শ্রমে বানিয়েছে এই টেবিল

আহা, গাছটি যখন কাঠ হয়, কাঠ যখন টেবিল হয়
তারও পরে কতো কতোদিন অনাদরে পড়েছিলো সে
কতো ঝড় কতো বৃষ্টি কতো রোদ কতো ধুলাবালি
সে সয়েছে নীরবে
আমার ঘরে আসতে
তাকে কতোগুলো পথ অতিক্রম করতে হয়েছে

আমি টেবিলটির দিকে তাকিয়ে আর টেবিল দেখি না

টেবিলটি তার সমস্ত জু ফেলে যেনো কাঠ হয়ে যায়
কাঠগুলো যেনো জড়ো হয়ে গাছ হয়ে যায়
গাছটি দাঁড়িয়ে থাকে, বাতাসে দোল খায়
তার ডালে পাখিরা গান গায়, পখিক বিশ্রাম নেয়
গাছটি তখন অনেকের আশ্রয় হয়ে ওঠে

ঢাকা

সৌরভ সিকদার

জলহীন মরানদী

আমরা এখন আর কেউ
কাউকে করি না স্পর্শ। যদিও একই
বিছানাতে একই ছাদের নিচে আমাদের বাস।
মাঝে মাঝে অবশ্য অনিচ্ছাকৃত
বানান ভুলের মতো
আমার হাতের সঙ্গে তার হাত কিস্তি
তার পায়ে আমার পায়ের ছোঁয়া লাগে।
পঁচিশ বছর আগে আমরা একক স্পর্শে জ্বলে উঠতাম
ভিসুভিয়াসের মতো, আর এখন সেসব
অনুভূতি মৃত কোষের মতন মলিন নিখর;
ভালোবাসা মরে গেলে
শরীর আসলে মরা গাছ হয়ে যায়।
প্রতিরাতে ঘুমোবার আগে দাঁত ব্রাশের মতোই
এক অভ্যস্ততার শেকলে বাঁধা পড়ে আছি এখনও।
বিছানায় পাশাপাশি দু'টি বালিশ ঠিকই আছে,
শুধু মাঝখানে জল-স্রোতহীন এক মরানদী
টিকিয়ে রেখেছে তার বিশিষ্ট কঙ্কাল;
হয়তো অদৃশ্য এক মায়ার সুতোয়
কোথাও আটকে আছি আমরা দু'জন!

ঢাকা

আল ইমরান সিদ্দিকী

জানালা

দিনকে দিনে, ভড়কে দিয়ে আমার দিকে দিকে
তড়িৎ-গতি, একেক করে দেয়াল ওঠে শুধু
কাঁটালতার মতোই ওঠে, আত্মগ্লানি যেন
দেয়ালগুলি—এমন লাগে, প্রাংশ মরু—ধুধু।

তোমার প্রিয় কালো বিড়াল সঙ্গে করে নিয়ে
হঠাৎ এসে যেই দাঁড়ালে দেয়াল ঘেষে তুমি—
নারী তো নও, নারীর মতো আকার শুধু আছে—
জানালা এক—অপর পাশে দেখাও বনভূমি:

ডিঙি নৌকা, পূর্ণ জলা, পানায় ছোট ঢেউ
নৌকা চলে—শাপলা নড়ে, বৈঠা হাতে কেউ
উপর দিকে মুখ তুলেছে, বৃষ্টি মাখে মুখে
আনন্দিত, পানির দিনে শ্রাবণী কৌতুকে।

ডানা ঝাপটে সারস ওড়ে, তরুণ গাছে বসে—
পাখির ভারে এ-গাছ গিয়ে ও-গাছে মুখ ঘষে;
নেহাৎ মৃদু শব্দ ওঠে—হাওয়াতে ফিসফাস—
বনের পারে ঘটছে যেনো খাঁটি সর্বনাশ।

আকাশ কিছু আলো দিচ্ছে কালো মেঘের ফাঁকে;
আর যা-কিছু খোঁজে মানুষ, তার ইশারা আঁকে।

নিউজার্সি

ফারহান ইশরাক

বস্তুসজ্জা, সারাবেলা

এক বাক্যে কথার বোঝা তুলতে এত দ্বিধা! অর্থসমেত—
 ভাসমান থাকার বিষয়ে—প্রচুর রসদ...মতামত
 অবহেলা পাল্লায় খুব ভারী—প্রায়শ-ই তুলনা নির্ভর
 বিবেচনায়—কাঁধের শক্তি বিষয়ক প্রশ্নপাত?
 শ্লাঘার নমুনা রয়েছে বটে—আত্মচিহ্নে—ঘামে—
 প্রসঙ্গক্রমে—পিন পতন প্রগাঢ়তায় যাবো,
 দায়সুলভ নয়—ততোধিক অনুভূতি—
 কলার খোসায়—তাজা গাছে তেজি রোদ—কুয়াশার
 গাঢ় ফেনা—সাবানের যৌন প্রস্তাবে..., দ্বিধা—এবং
 মীমাংসাহীন পিচ্ছিলতা—ধোঁকাবাজি, শহরগঞ্জে—
 প্রাম পটভূমি—জ্বলন্তপ্রায়—তারা পটানোর তীরন্দাজি
 চতুরতা গেছে দাগ রেখে—সরল সহজ সমতলে—
 ভেজা ঘ্রাণে ব্রত ভাঙা রাউজসমূহ—ক্ষতিগ্রস্ত, আংশিক
 এমনও রয়েছে গল্প—পুরোটাই ছাইভস্ম—ধ্বংসাবশেষ
 বাহ্য উষ্ণতা—মূল এতো নীচতার দিকে ধাবমান!
 —পায়েসঘটিত সামাজিক লোকাচার—মলাটে মলাটে
 প্রকৃত পাতাল গেছে আন্তরিক মগ্নতার দিকে—
 জানালায় শিকে বৃষ্টির ঘন জং-এরও খুব
 ব্যঞ্জনা পাওয়া যাবে—চিঠি যুগের বহু স্পর্শপরতা
 —এ পথেই গেছে সাবধানে—জুতার আঘাতে যতো
 প্রতিভাবান ধুলো—ডাকযোগে—ধারাভাষ্য সমেত
 কিছুটা উদ্ধারে, বাকি অংশ পানপাত্রগভীর—নিচেই
 রঙিন কাঁকড়া—অথবা তার নাজুক অ্যান্টেনা মাত্র
 বলতে পারবে না—কবিত্তে, কিংবা পৌর ধাক্কায়
 ফেঁসে গিয়ে সজনেগাছ...উচ্চবাচ্য নেই, দৃশ্যত
 হাঁটা পথে কাঁটাদার মশকরা—ফুল—তিরস্কার,
 এবং তার উল্টো পিঠ: স্নেহ—স্বাদ—শর্করাসমূহ—
 সুরের টানেই গান—অল্পশিক্ষিত লোহা—বয়সী কড়ই—
 আসলে তার পেটভর্তি তক্তা দেখেছি—কল্পনায়
 অথবা—সাধ্যাতীত বড়ো বাড়ি—উৎস লুকোনো আয়—

কালো মুদ্রার ডালপালা—খুচরো হিশেবে ঝংকার!
 এ-রকম ঘটে; ছলনা বা কবিতা শাস্ত্রে—যেসকল
 অপদ্রব্য থেকে মুক্তি চেয়েছে সভ্যতা—যেমন
 মাছে—সজ্জিতে—পশুর চর্বিতে: এতোই আস্থা?
 ঘর—আসবাব—প্রধান সারথি কাঠ—
 মাছ ভাত খাওয়া মানুষেরা দুধেল জ্যোৎস্নায়
 মহাজগতের গহ্বরে—ভেজে—অন্তরঙ্গতায়—
 এবং এরাই—উড়োজাহাজ আবিষ্কারে...এবং এরাই
 রক্তে চুমুক দিয়ে...একের অনুপাতে অন্যেরও
 চাহিদাবস্তুগুলির পার্থক্য রচনা করে—ঘরে ঘরে,
 মালিকানায়—হাঁটা পথে—কবিসজ্জা জানে—
 গাছ বলতেই—জ্যোৎস্নাফলিত পাখি—ফল—
 শিশির—রোদ—অন্ধকার—পাতা—
 করাতের মিষ্টাচার!—প্রতিদানশীলতা, যেমন ঘুণ...
 দাঁতের ঘাঁট থেকে ছিটকে পড়ায় ভেজা তক্তায়
 চাঁদ এসে সামান্য উপটৌকন দিয়ে যাবে!

পেরেক ছত্রাক

একসঙ্গেই ছিলাম—বহুমাত্রা কুয়াশার
 ঘ্রাণে, অভিন্ন দ্বীপে, পাতা বরা
 পেয়ারা বাগানে—নাভিগঞ্জ পেরিয়ে
 সাপ,
 গেল দূর গ্রামে—ভয়াল নদীর ডাকে,
 যার স্বরে পূর্বমেঘ শাদা—
 আতার পাতায় তখন
 নরম আর অবিশ্বাস্য ডোরবেল টেপা
 রোদ

একই শাখা থেকে দুইটি লাল কাক
 একই দিকে যাবে—জীববিজ্ঞানে
 এরকম আগুবাণ্য নেই—তথাপিও
 রুটির ভিন্ন প্রান্তে, যৌথ দংশনে

দুই প্রতীকের জ্বলন্ত পিঁপড়া....
এসব চিত্র থাকে—গাছে গাছে,
সহজ কাকতাল

.
ছন্দে না-বলা সংলাপে—ছন্দভাঙা ভয়
থাকে নাকি—কেনো থাকবে না!
চিনিমাখা পেরেকের ছাঁতে
হাতুড়ি পড়েছে—কার আহ্বানে?
ভাষা হারানোর প্রসঙ্গসমূহ
ইঙ্গিতে কথা বলে—দেরিদার টানে
নীরবতাকেই বুলি শেখানোর
গর্জন—এবেলার এইটুকু পরকীয়া!

গোডো

লতা—জ্যাস্ত মরা, পাথর চাপা পিঠে
ভাবে—লাভ কতোটা ভোরের আলো গুরু
নালা—জুতোর নিচে বাঁধানো কংক্রিটে
খোয়া—ঢালাই করা, শক্ত এবং পুরু
পায়ের—আভাস পেলে মুহূর্তে মর্মর
সবাই—বধির যেনো, কে শোনে কার স্বর!
নখর—ছিটকে পড়া, ব্লেন্ডের কর্তনে
হাতে—যুক্ত হতে যত্নে রেখা গোনো?
লোহা—ঘষলে পায়ে ঝরনা গুরু হবে?
নাকি—অপেক্ষা সার বোকামি উৎসবে!

ঢাকা

চন্দন দাস

মধ্যরাতে রোদ

সবেমাত্র ঘনীভূত হয়েছে নিম্নচাপ
গ্রাম থেকে শহরে
চারিদিকে ধ্বংসের পূর্বাভাস, তীক্ষ্ণ
ফলার মতন খেলা করে বৃষ্টিগুঁড়ি
মৃত্যুর আমন্ত্রণ নিয়ে দাঁড়িয়ে
আছে মৃত্যু।

খেলা শেষ হতে ধ্বংসের স্তূপ থেকে
বেরিয়ে এলো এক ঝুড়ি শান্তি-মুক্ততা
ভেজা শরীর থেকে চুঁইয়ে পড়ে অপরূপ
সৌন্দর্য আর বাতাসে ভেসে
আসে সুরতরঙ্গ।

অশান্ত-উন্মাদে খেলা শেষ করে
এখনও জেগে থাকি মধ্যরাতে রোদ
দেখবো বলে।

মেদনীপুর

লায়লা ফারজানা

জলজ

একটি করে বুদ্ধ উঠছে আর নামছে
দ্রবীভূত ছাদ, গলিত সূর্য, তরল প্রাচীর।
উদগ্রীব কৌতূহল ডুব সাঁতারুর চোখে,
বিস্ময়। আমি শুঁড় নাড়ছি
স্মৃদ সারপেন্টাইল কার্ভে।
ঈষদুষঃ মাধ্যম, ক্ষীণ কোরাল টিন্ট।

চারপাশ শান্ত, বাজারের থলে,
তিনটি টিয়া। হাতে তিনটি নুড়ি।
সকালে কাজ নেই। স্বাক্ষরের অপেক্ষায়
একটি ডিভোর্স পেপার আর একটি
কাবিননামা। শেরওয়ানির মাপ
নেয়া বাকী। বাকী কিছু বাড়ি ভাড়া।

একটি টিল বুক চিরে আসে। ছোটো থেকে
বড়ো ঘূর্ণিবলয়, একে অপরে প্রবিস্ত।
মনে হয় যেনো কতো পুরাতন!
পার্থিব নুড়ি হাতে তুলে নেই।
আঁশটে শরীরে রংধনুর ঝিলিক।
সাইরেন বাজিয়ে জাহাজ আসবে এখন।
তলদেশ ফেনিল, কালো পেইন্টেড।

নিউইয়র্ক

আল নোমান

দুধ কুমার নদীতে

১৯

মাথায় যখন পোষা পোকাটা কামড় বসায় তখন মনে হয় একুনি
চাঁদের সাথে তোমার ছবি আঁকি। তখন ইচ্ছে করে সাদা সুতির
একটা শাড়ি পরে তিন রাস্তার মোড়ে দাঁড়িয়ে থাকো। আমার রং
তখন একটা সরু জীবন প্রণালির মধ্যে ঢুকে যায়। অনুনয় বিনয়
করে যখন লাভ হয় না, কসাইয়ের বাড়িতে গিয়ে বলে আসি
মাথাটা আমি কেটে ফেলবো। কসাইয়ের ছোটো মেয়েটার বয়স
সতেরো ছুঁই ছুঁই। বড়ো মেয়েটা পালিয়ে চাঁদ দেখতে গিয়ে ফিরে
আসে নাই। কসাই আমার ডান আর বাম হাত একসাথে চেপে
ধরে মোটাপাতার হোগলার ভেতর ফেলে দেয়। সতেরোর
মেয়েটা আমাকে ছেদ করে যায়। আমি অনেক চেষ্টা করেও
মাথাটা কাটতে পারি না।

২৯

ইঁদুরের সাথে হাটে গিয়ে বিক্রি হয়ে যাওয়া ছোলা মটরশুঁটি
নিয়েই গর্তে ফিরে আসলাম। এখানে একটা সময় নিয়ে ঢুকে
যাওয়া যায়, অন্ধকার হয়ে থাকা যায়। মাটির গন্ধে আমার ঘুম
হয়, আবার হয়ও না। কোথাও স্যাঁতসেঁতে পরকীয়া, পুরাতন
রুক্ষতা। ইঁদুরের লেজ ধরে ঘুমিয়ে ঘুমিয়ে; আধুনিক কাল। অসুখ
নেই, আছে ঔষধি নীরবতা। আমি যখন সিগারেট খেতে গেলাম,
সবাই জেগে জেগে হাল্‌তাশ করতে লাগলো। বলতে লাগলো, যে
সব পাপ আমি করেছি আগেরবার এসে। আমার ঘুম হলো না।
ওরা আবার ঘুমালো। আমি দেয়ালে মাথা ঠেকিয়ে ভাবছি, ওই
মেয়েটাকে এতো দুঃখ দিলাম কেনো! তখন হুড় হুড় করে সব ইঁদুর
বেরিয়ে আসলো, আমি একা গর্তে ঋতুস্রাবের রক্তের সাথে
সবুজ কুমিরটা দেখতে পেলাম! আমার পরিশুদ্ধ হবার কোনো
বাসনা টের পাচ্ছি না ওর চোখে। এখানে আমার কেবল মনে
হচ্ছে কিছু চিংড়ি মাছ আমার ডান হাতের আঙুল ছুঁয়ে দিচ্ছে
আবার হারিয়ে যাচ্ছে। কুমির আমাকে কামড়াতে এলো না।
ফিরে গেলো। ওর অনেক রাগ, অনেক অভিমান।

ঢাকা

সম্পাদকের জার্নাল/ EDITOR'S JOURNAL

১. মানুষের সব স্বপ্ন কখনো পূরণ হয় না। আবার কোনো কোনোটা কার্যকর হলেও নতুন স্বপ্ন উদ্ভূত হয়। বাংলা কবিতা নিয়ে আমার দু'টি প্রত্যাশা ইতিমধ্যে পূরণ হয়েছে। সম্পাদনা করেছি “বিশ শতকের বাংলা কবিতা” (মাওলা ব্রাদার্স, ২০১৫), আর অনুবাদ করেছি “কনটেম্পোরারি বাংলাদেশী পোয়েট্রি” (সিসিসি ও ফেরাল প্রেস, ২০১৯)। এ দু'টি সংকলনের সমপর্যায়ের বই এর আগে বা পরে আমার চোখে পড়েনি। তবে, এই বই দুটো নিয়ে ব্যাপক হারে লেখালেখি বা হইচই হয়নি, এমনকি দেশের বাইরে হলেও বাংলাদেশে আজ পর্যন্ত কোনো আলোচনাও বেরোয়নি। এর নানাবিধ কারণের একটি হলো আমি এই কাজ করতে গিয়ে তোষামোদ বা বন্ধুর মুখ রক্ষার চেষ্টা করিনি। আর আমি তো আদতে কোনো ব্যক্তি-কবিকে আলাদা ভাবে অনুবাদ করিনি, বঙ্গবন্ধুর সোনার বাংলাকে দুই মলাটে তুলে ধরেছি, যা বিশ্বের নানা দেশের গুরুত্বপূর্ণ লাইব্রেরিতে স্থান পেয়েছে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্লাসে পড়ছে। যাহোক, সে অন্য কথা। আমার আরেকটি স্বপ্ন আছে, অবশ্য স্বপ্নটি বেশ পুরোনো এবং আইডিয়াটি প্রায় বিশ বছর আগে এক মার্কিন প্রকাশক আমাকে দিয়েছিলেন। সেটি হলো বাংলা ভাষার প্রতিনিধিত্বশীল কবিদের কবিতা দিয়ে ইংরেজিতে একটি বৃহৎ সংকলন প্রকাশ। এর বিস্তারিত এখানে না বলে শুধু বন্ধুদের জানিয়ে রাখি কাজটি আমি অনেক দূর এগিয়ে নিয়েছি। এখন পশ্চিমের বড়ো কোনো প্রকাশক পাওয়ার অপেক্ষায়।

২. একটা কবিতা অনুবাদের জন্যে আমাকে ১৬০ মাইল গাড়ি চালাতে হলো। আশি মাইল দূরে জ্যোতির্ময় দত্তের বাসা। তিনি বললেন, “চলে এসো।” আমিও মনের সুখে গাড়ি ছোটলাম। সম্প্রতি তাঁর চোখে সমস্যা হওয়ায় পড়তে বা লিখতে পারেন না। কিন্তু তিনিই বললেন, “চলো তোমার কিছু কবিতা আমি অনুবাদ করি।” আমিও এই অসামান্য অনুবাদকের প্রস্তাব লুফে নিলাম। আমি কবিতাটি কয়েকবার পড়ে শোনানোর পর তিনি অনুবাদ শুরু করেন। আমি ল্যাপটপে লাইন টুকে নিয়ে বাংলায় পরের লাইন পড়ি, আবার তিনি সেটা অনুবাদ করেন। এভাবে চলে আমাদের কাজ। কিন্তু ওই দিন ‘এবং ও অথবা’ নামের এই কবিতাটি অনুবাদের পর জ্যোতিদার ভীষণ মাথা ব্যথা শুরু হয়। ফলে কাজ বাদ দিয়ে আমরা বাইরে গিয়ে বসি। রাতের খাবার খেয়ে আমি বাসায় ফিরি ওই একটি অনুবাদ নিয়ে। কী অসামান্য সেই অনুবাদ! আমি মুগ্ধ হয়ে যাই। মনে হতে থাকে ১৬০ মাইল গাড়ি চালানো কোনো ব্যাপারই না।

জ্যোতিদা যখন বলেন তিনি আমার কবিতা অনুবাদ করবেন, আমি বলি তিনি যেনো বরং তিরিশজন বাঙালি কবির তিরিশটি কবিতা অনুবাদ করেন, যা দিয়ে একটি ভালো বই হয়ে যাবে। তিনি আমার কথাকে গুরুত্ব দেন, কিন্তু শর্ত দেন যে কবিতাগুলো যেনো আমি বেছে দেই। শুধু বেছে দেওয়া নয়, একই ভাবে অনুবাদের জন্যে বার বার আমাকে তাঁর কাছে যেতে হবে। কাজটি তিনি করবেন, যদিও আমাকেই তার অনুবাদ ল্যাপটপে তুলতে হবে। আবার সমস্যাও আছে। তিনি সারাজীবন নানা কাজে ব্যস্ত থেকেছেন, কিন্তু কোনো কাজেই স্থায়ী হননি। একবার কোনো কাজ মাথায় ঢুকলে তিনি দিনরাত সেটা নিয়ে বুঁদ হয়ে থাকবেন, যদিও নতুন ধারণা বা নতুন কোনো বিষয় মাথায়

এলে সেটি আঁকড়ে ধরতে তাঁর এক মুহূর্তও সময় লাগবে না। যেটা করছিলেন তা বেমালুম ভুলে নতুন এডভেঞ্চারে একগ্রহ হয়ে যাবেন। ফলে, একটি প্রজেক্ট শুরু করে দশটি কবিতা অনুবাদের পর তিনি যদি অন্য কিছুতে মনোনিবেশ করেন, পুরো বইয়ের সম্ভাবনাই শুধু নয় আমার নিজের কষ্টটিও বিফলে যাবে। তাই আমি মনে করি যে তিনি যদি আমার মাত্র কয়েকটি কবিতাও অনুবাদ করেন, অন্য অনুবাদের সাথে আমি সেগুলো জুড়ে দিয়ে একটি বই করে ফেলতে পারবো। এর আগেও তিনি মহা উৎসাহে আমার মহাকাব্য ‘নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ’ অনুবাদে হাত দিয়েছিলেন, কিন্তু চারটি এপিসোড অনুবাদের পর তিনি অন্য কাজে আটকে গিয়েছিলেন। ফলে আমার অভিজ্ঞতার ঝুলিকে ঝালাই করে আমি জ্যোতিদার আদি প্রস্তাবেই যুক্ত থাকি, এবং দু’সপ্তাহ পর আবার তাঁর নিউজার্সি হিলসবোরোর বাড়িতে হাজির হই। এদিন জ্যোতিদা ও মীনাফীদি আমাকে নিয়ে যান তাঁদের এক মার্কিন প্রতিবেশির বাড়ি। দুপুরটা সেই বাড়িতে বসে একটু ভিন্ন পরিবেশে চা ও গল্পের ভেতর দিয়ে কাটে। জ্যোতিদা এমনভাবে নিজে নিজে চলারফেরা করতে পারলেও তাঁর নিকট-দৃষ্টি এতোই ক্ষীণ হয়ে উঠেছে যে পড়া বা লেখার কাজ অন্য কাউকে দিয়ে চালাতে হয়। প্রতিবেশির বাড়ি থেকে ফিরে আমরা আবার অনুবাদ নিয়ে বসি।

৩. বছরের প্রথমেরই সুখবরটি হাতে এলো; আমার পঞ্চাশতম বই। বয়সের পঞ্চাশ পেরিয়েছি কয়েক বছর আগেই। এবার বইয়ের পঞ্চাশ। আমার কবিতার চতুর্থ ইংরেজি অনুবাদ গ্রন্থ, ‘টেনশন ইন এনট্যাপেলড কাইটস।’ প্রকাশ করলো লং আইল্যান্ডের নিউ ফেরাল প্রেস। প্রচ্ছদ-আর্ট ভারতের বিখ্যাত চিত্রাবিদ জ্যোতির্ময় দত্ত, আর প্রচ্ছদ করেছেন বাংলাদেশের শিল্পী চারু পিন্টু। ব্যাক কাভারের ছবি: পোলিশ শিল্পী ইয়াসেক ভোজোয়স্কির তোলা। এই বইয়ের কবিতাগুলো অনুবাদ করেছেন জ্যোতির্ময় দত্ত, আমার সন্তান একক সৌবীর ও আমি নিজে। বইটি আমি উৎসর্গ করেছি বাংলাদেশের স্বনামধন্য প্রকাশক মনিরুল হক ভাইকে। দীর্ঘ দিন ধরে তিনি আমার বই প্রকাশ করেছেন। প্রকাশ করেছেন বাংলা ভাষার শ্রেষ্ঠ কবিতাবলি। তাঁর মতো একজন প্রকাশক পেয়ে আমি সত্যিই আনন্দিত ও গর্বিত। ৬৪ পৃষ্ঠার এই গ্রন্থের মূল্য রাখা হয়েছে ১৫ ডলার। অচিরেই অ্যামাজন ডট কম-এ পাওয়া যায়।

৪. সাড়ে পাঁচশ’ পৃষ্ঠার যে কোনো বই পড়া দুরূহ ব্যাপার, সময় সাপেক্ষ। আর সে বইয়ের যদি প্রফ দেখতে হয় তা হলে সেই শ্রম গভীর মনোযোগ দাবী করে। আমার ‘কবিতাসমগ্র’ প্রথম খণ্ড অনন্যা থেকে প্রকাশ পেয়েছিলো ২০১৯ সালে। মাত্র পাঁচটি কাব্যগ্রন্থ সংযোজিত হয়েছিলো। পৃষ্ঠা সংখ্যা ছিলো ৫৬০। তিন বছর পর ২০২২ সালের বইমেলায় প্রকাশ পেতে যাচ্ছে একই প্রকাশনী থেকে ‘কবিতাসমগ্র’ দ্বিতীয় খণ্ড। এ বইয়েরও পৃষ্ঠা সংখ্যা ৫৬০। স্থান পাচ্ছে সাতটি কাব্যগ্রন্থ, চারটি ছড়াগ্রন্থ, ও একটি বিশ্ব কবিতার অনুবাদ। চলছে দিনরাত খেয়ে না-খেয়ে প্রফ দেখা। কদিন আগে একজন তরুণ কবি আমাকে লিখেছিলেন ‘কবিতাসমগ্র’ দ্বিতীয় খণ্ডের জন্যে তিনি তীর্থের কাকের মতো অপেক্ষায় আছেন। তার জন্যে অবশ্যই এটা একটি সুখবর। সুখবর আমার জন্যে তো বটেই।

৫. অনেক দিন পর কবিতা পড়তে গিয়েছিলাম গ্রীনজ ভিলেজে, ২৩ ডিসেম্বর সন্ধ্যায় ‘ফিনিক্স রিডিং সিরিজ’-এ ফিচার পোয়েট বা আসরের কবি হয়ে। এই সিরিজটির প্রতিষ্ঠাতা

কবি মাইকেল গ্রেভস। পনেরো বছর ধরে তিনি এটা চালিয়ে যাচ্ছেন। মজার ব্যাপার হলো, একই দিনে এই অনুষ্ঠানের আগে হারলেমের ১৩৯তম স্ট্রীটে ছিলো শিক্ষকদের ডিনার পার্টি। সেখানে হঠাৎ করেই স্কুলের প্রিন্সিপ্যাল অনুরোধ করলেন আমাকে একটি কবিতা পড়ে শোনাতে। তিনি আমাকে আলাদা ভাবে পরিচয়ও করিয়ে দিলেন। আমি পড়লাম 'স্বতন্ত্র সনেট ৭৭'! শিক্ষকদের হাসি, আনন্দ ও মুহূর্মুহু হাততালির ভেতরে আমাকে দু'বার থামতে হলো। কবিতা শেষ হলে বেশ ক'জন আমার সাথে হাত মেলালেন। সেটা ছিলো অবশ্যই অন্যরকম অভিজ্ঞতা। আর ভিলেজে কবিতা পাঠের আসরে আমাকে পরিচয় করিয়ে দিলেন ম্যানহাটন শহরের আগের টার্মের পোয়েট লরিয়েট কবি ভিভিয়ানা ডানকিন। একে একে আমি অনেকগুলো কবিতা পড়লাম। ফিচার পোয়েট হিসেবে কবিতা পড়ার একটা বৈশিষ্ট্য হলো দীর্ঘক্ষণ কবিতা পড়া যায়। পড়ে এক ধরনের তৃপ্তি পাওয়া যায়। এই শহরে বিশ বছরের উপরে আমি ফিচার পোয়েট হিসেবে কবিতা পড়লেও, একই দিনে শহরের দুই প্রান্তে দু'টি অনুষ্ঠানে কবিতা পড়ার অভিজ্ঞতা এই প্রথম।

৬. আজ হঠাৎ করেই টেনে ২৪/২৫ বছরের এক যুবক স্যুট-কোট পরে ঢুকলেন। ট্রেন চলতে শুরু করলে আমার ডান দিকে কয়েক কাতার পেরিয়ে এক ভদ্রমহিলার সাথে কথা বলতে দেখে আমি কৌতূহলি হয়ে কান রাখলাম। বুঝতে পারলাম ভদ্রমহিলাকে তিনি চার্চে যাবার কথা বলছেন এবং মহিলা বার বার "না" করে যাচ্ছেন। এর পর ভদ্রলোক পাশের আরেক যাত্রীকে জিজ্ঞেস করলেন, "আপনি কি আগামী রবিবারে চার্চে যাবেন?" যাত্রীর সোজাসাপটা উত্তর, "না।" আমি লক্ষ্য করলাম একে একে স্যুট-কোট পরিহিত এই ধর্ম প্রচারক সবাইকে একই কথা জিজ্ঞেস করছেন, এবং প্রত্যেকেই "না" সূচক উত্তর দিচ্ছেন। আমার ঠিক সামনে দাঁড়ানো যাত্রী "না" বলার পরেও তাকে পাল্টা প্রশ্ন ছুঁড়ে দিলেন, "আপনি কি নিশ্চিত!" যাত্রীটি বেশ জোরেশোরে বললেন, "এতে কোনো সন্দেহ নেই।" আমাকে এই ধর্ম প্রচারক কোনো প্রশ্ন করলেন না। হয়তো আমার চেহারা দেখে তার মনে হয়েছে যে আমি কোনো ধর্মালয়গামী লোক নই। এই ভাবে প্রশ্ন করতে করতে প্রচারক আমার ডান দিক থেকে বাঁ দিকে অগ্রসর হতে থাকলেন। আমার আশেপাশে আমি গুণে দেখলাম তিনি মোট দশজনকে প্রশ্ন করেছেন। নয়জনই "না" বলেছেন, শুধু একজন বললেন, "আমি ইতিমধ্যেই চার্চে গেছি।" মানে দাঁড়িলো এখন সমাজের নব্বই শতাংশ মানুষ ধর্ম বিমুখ। অতএব ধর্ম ব্যবসায়ীদের দিন শেষ হয়ে আসছে। পরিসংখ্যান বলছে এই মুহূর্তে পৃথিবীর বিশ শতাংশ মানুষ নাস্তিক এবং প্রতিবছর এই সংখ্যাটি তিন শতাংশ করে বাড়ছে। ফলত, বিশ্বের দেশে দেশে যারা ধর্মের নামে হত্যার রাজনীতি করছে তাদের সম্মিলিত ভাবে নতুন করে চিন্তা করার সময় এসে গেছে বলেই মনে হয়।

৭. আমার বাবা ছিলেন ব্যবসায়ী। তবে একান্তরে তাঁর মৃত্যুর পর মা কৃষিকাজ করেছেন আমাদের বাঁচানো ও লেখাপড়া করানোর জন্যে। না, সরাসরি জমিতে গিয়ে তিনি কাজ করেননি। তবে মামাদের ক্ষেতের ফসল বাড়িতে আসলে এর মাড়াই করা থেকে শুরু করে আনুষঙ্গিক সব কাজই আমার মাকে করতে হয়েছে। তখন এমনকি কখনো কখনো চব্বিশ ঘণ্টাই তিনি খেটেছেন। পাড়া প্রতিবেশীকে বলতে শুনেছি, "ওর মা একা দশজন কামলার কাজ করতে পারে।" সাথে সাথে বাহির বাড়িতে নানা রকম সজির চাষ তিনি নিজে করতেন। নিউইয়র্কে আমি বাড়ি কেনার পর থেকে গত বিশ বছর ধরেই বাড়ির পিছনে

এমন কোনো সজি নেই যে তিনি চাষ করেননি। আমার ধারণা তিনি শুধু হাত দিয়ে ছুঁয়ে দিলে তরতর করে সজি গাছ বেড়ে ওঠে। এই সব গাছই হয় টবে। এখানে নানা জাতের কচু, পাট, মরিচ, বেগুন, শশা, লাউ, কুমড়ো, আনাজ, দু'প্রকার শিম, টমেটো, ধনেপাতা সহ আরো কতো কি যে তিনি ফলান তার ইয়ত্তা নেই। এবছর কদিন আগে তিনি দেশে বেড়াতে গেলেও তাঁর সজি বাগান ফুলে ফলে ভরে উঠেছে।

৮. ১২ আগস্ট ড. হুমায়ুন আজাদকে মৃত অবস্থায় পাওয়া যায় মিউনিখ ইউনিভার্সিটিতে তাঁর কক্ষে। সেদিন তাঁকে সেখানে মৌলবাদী গোষ্ঠী সুকৌশলে হত্যা করেছিলো। এর আগে ঢাকায় তাঁকে ওই গোষ্ঠী মারাত্মক ভাবে ছুরিকাঘাত করে। বেশ কিছুদিন দেশে বিদেশে চিকিৎসা করা হলেও ছুরির কোপে তাঁর চোয়াল বাঁকা হয়ে গিয়েছিলো। খেতে ও কথা বলতে কষ্ট হতো। ঠিক সেই ১২ আগস্ট নিউইয়র্কে ঘটলো আরেকটি মর্মান্তিক ঘটনা। সালমান রুশদীকে মধ্যে বক্তৃতা করার সময়, একই উপায়ে, মারাত্মক ভাবে ছুরিকাঘাত করা হলো। জানা যায় তাঁর একটি চোখ নষ্ট হয়ে যাবার আশঙ্কা দেখা দিয়েছে। হাতের টিস্যু ছিন্নভিন্ন হয়ে গেছে ও পাকস্থলীতে জখম নিয়ে তিনি এখন ভেন্টিলেটরে আছেন। পশ্চিমও কি তাহলে ধর্মাবলম্বীদের আবাস স্থল হয়ে উঠেছে? রুশদীর উপর হামলার নিন্দা করছি ও তাঁর সুস্থতা কামনা করছি। ...বছর দশেক আগে রুশদীর একটি বক্তৃতা শোনার পর তাঁর সাথে আমার আলাপের সুযোগ হয়েছিলো। তিনি বলেছিলেন সিকিউরিটির কারণে তিনি খুব একটা বাইরে যান না এবং তাঁর হয়ে সব যোগাযোগ করে পাবলিশিং এজেন্ট। ভাবতে অবাক লাগছে বক্তৃতার সময় মধ্যে একজন ছুরি নিয়ে উঠে যাবার সুযোগ কিভাবে পায়!

— হাসানআল আব্দুল্লাহ

SHABDANEWS: শব্দসংবাদ**কুইন্স লাইব্রেরির উদ্বোধনে গেলো বাংলাদেশ সন্ধ্যা**

কুইন্স শহরে এখন কতোজন বাংলাদেশীর বসবাস? এই প্রশ্নের উত্তর দেয়া খুব একটা সহজ নয়। তবে নিউইয়র্কে বসবাসরত বাংলা ভাষাভাষির সংখ্যা কয়েক লক্ষ ছাড়িয়ে যাবে বলে কেউ কেউ ধারণা করেন। চারদিকে বাংলাদেশী প্রতিষ্ঠান, সপ্তাহান্তে এমনকি সপ্তাহের প্রত্যেকদিনই কোনো না কোনো অনুষ্ঠান হয় যেখানে নানা ভাবে উচ্চারিত হয় বাংলাদেশ, বাংলা ভাষা। এবার খোদ কুইন্স লাইব্রেরির পক্ষ থেকে হয়ে গেলো বাংলাদেশ সন্ধ্যা। খোলা আকাশের নিচে, জ্যাকসন হাইটসের ৩৪ এভিনিউ এর পুরো একটি ব্লক বন্ধ করে দিয়ে কবিতা গান ও বাংলা ভাষার ইতিহাস ও সব শেষে ঐতিহ্যবাহী ফুসকা পরিবেশনের ভেতর দিয়ে উদযাপিত হলো এই মনোজ্ঞ সন্ধ্যাটি। বাংলাদেশ ও পশ্চিম বাংলার বাঙালিরা ছাড়াও দর্শক সারিতে উল্লেখযোগ্য সংখ্যক আমেরিকানদের এই সন্ধ্যাটি একসাথে উপভোগ করতে দেখা যায়। এই অনুষ্ঠানের সূত্রপাত হয় কুইন্স লাইব্রেরির বিশেষ পটকাস্ট তৈরির মাধ্যমে। দেশীয় সংস্কৃতিকে হাজার মাইল পাড়ি দেবার পরও ধরে রাখা ও তা নিয়মিত চর্চার অংশ হিসেবে শিক্ষার্থীদের অভ্যাসে পরিণত করার ইতিহাস তুলে ধরতে এই পটকাস্টটিতে পরিবেশিত হয় দুই জন বাংলাদেশীর জীবনপ্রবাহ। এঁরা হলেন কবি-গল্পকার ও স্থানীয় স্কুল শিক্ষক নাজনীন সীমন ও সাংবাদিক-কলামিস্ট হাসান ফেরদৌস। পটকাস্টটির প্রডিউসার ছিলেন তৃষা মুখার্জী। অনুষ্ঠানের শুরুতেই তাকে পরিচয় করিয়ে দেন কুইন্স লাইব্রেরির কার্যকর্তা নাটালি মিলব্রোড। তৃষা বলেন, “আমি বাবা মায়ের থেকে বাংলা শিখেছি। তবে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে পড়তে এসে আমেরিকায় বাংলা কালচার সম্পর্কে আরো বেশি অবহিত হই এবং বাঙালির ভাষা আন্দোলন ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস ঘাটতে গিয়ে আমেরিকাতে বসবাসরত বাংলাদেশীদের নিয়ে কিছু করার ইচ্ছা থেকেই পটকাস্ট ও তারপর আজকের এই সন্ধ্যার আয়োজন করি।” তিনি প্রথমই পটকাস্ট থেকে নাজনীন সীমনের সাক্ষাৎকারের কিছু অংশ দর্শকদের শোনান, যেখানে উঠে আসে একুশে ফেব্রুয়ারির প্রভাত ফেরির কথা। অনুষ্ঠানে সউদ চৌধুরী ভাষা আন্দোলন, দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে দেশ বিভাগ ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের সংক্ষিপ্ত ইতিহাস তুলে ধরেন। নাজনীন সীমন তার বক্তব্যে হাইস্কুলের ছাত্রছাত্রীদের বাংলা পড়ানো এবং এখানকার ছেলেমেয়েদের বাংলা শেখানোর উপর জোর দেন এবং এ ব্যাপারে নিজের অভিজ্ঞতার কথা বর্ণনা করেন। তিনি উভয় ভাষায় তাঁর কবিতা পরিবেশন করেন। নতুন প্রজন্মের শিল্পী মাটি বাসমতি লালন সঙ্গীত ও ইংরেজি বাংলার সংমিশ্রণে র‍্যাপ মিউজিক পরিবেশন করেন। কবি হাসানআল আব্দুল্লাহ তার অনূদিত গ্রন্থ ‘কনটেম্পোরারি বাংলাদেশি পোয়েট্রির সাথে দর্শকদের পরিচয় করিয়ে দেন। তিনি বলেন, “আমি এই বইটি যখন বুকে ধরি, মনে হয় একটি বাংলাদেশকে বুকে ধরে আছি।” তিনি ইংরেজি বাংলায় বেশ কয়েকটি কবিতা পড়ে শোনান। প্রবীণ সাংবাদিক সৈয়দ মুহম্মদ উল্লাহ আমেরিকায় বাঙালি কমিউনিটি গড়ে ওঠার নানা প্রসঙ্গ তুলে আয়োজক সংস্থা ও পটকাস্ট প্রডিউসারকে ধন্যবাদ জানান। সব শেষে স্থানীয় শিল্পী শাহ মাহবুব পরিবেশন করেন মন মাতানো বেশ কয়েকটি জন প্রিয় বাংলা গান। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন তৃষা মুখার্জী। — শব্দগুচ্ছ

LETTERS TO THE EDITOR:

1.

Dear Hassanali,

Thank you so much for your magazine and publishing of my poems. I was very surprised. It is great pleasure for me. I would like to buy this issue . How can I send you some money? Write me please. I wish you all the best.

Teodozia Zarivna, Ukraine, 12/17/21

2.

A very beautiful publication, Hassanali. Congratulations! You are doing a good job publishing poets from all over the world. It is very beautiful. I am sending you my poems, maybe some day you will want to translate them and publish them. Best regards from Poznań.

Kalina Izabela Ziola, Poland, 12/11/21

৩.


কবি হিসেবে হুমায়ুন আজাদের মর্যাদা প্রতিষ্ঠায় আপনার যৌক্তিক, সুদৃঢ় ভূমিকা পালনের জন্য আপনাকে আমি মন থেকে সাধুবাদ জানাই। আপনি ফাইট না করলে অনেক ‘নিম্নমানবান’ কবি ও সমালোচক হুমায়ুন আজাদকে বাংলা সাহিত্যের ইতিহাস থেকে এতোদিনে মুছেই ফেলতেন।

এহসানুল হাবীব, ঢাকা ১২/১৮/২০২১

8.

কবি হাসানআল আবদুল্লাহ-র বই পড়ে আমি বাংলা ছন্দ শিখতে সক্ষম হয়েছি। বাংলা ছন্দের ওপর সেরা বইটি তিনিই লিখেছেন বলে আমার ধারণা। এই বই পড়লে নিজে নিজে ছন্দ শেখা সম্ভব। এ কারণে তাঁর প্রতি আমার অন্তরে বিশেষ শ্রদ্ধার জায়গা রয়েছে।

মাজেদ মাহতাব, ঢাকা, ০৭/০৯/২০২২ [ফেব্রু থেকে]



কবিতাসমগ্র ১
পৃষ্ঠা: ৫৬০, মূল্য: ৭০০ টাকা



কবিতাসমগ্র ২
পৃষ্ঠা: ৫৬০, মূল্য: ৭০০ টাকা

কবি ও বহুমাত্রিক লেখক
হাসানআল আব্দুল্লাহ'র


কবিতাসমগ্র

(১ম ও ২য় খণ্ড)

অনন্যা, ঢাকা
২০১৯ ও ২০২২
(প্রচ্ছদ: ফ্রব এষ)

আপনার কপি সংগ্রহ করুন!

A bilingual collection of
Hassanal Abdullah's Sonnets:




Swatantra Sonnets
Bengali with English translation
by the Author

Published by Feral Press and Cross-
Cultural Communications, NY

ISBN 978-0-98304-594-4
\$15.00

Please order your copy from
amazon.com

শব্দগুচ্ছ সুদৃশ্য, সুপাঠ্য, সুসম্পাদিত
—শিবনারায়ণ রায়



Published by Cross-Cultural Communications and New Feral Press, made possible (in part) by the translation grant awarded to the translator by Queens Council on the Arts with public funds from the New York City Department of Cultural Affairs.

ISBN 978-0-89304-684-2. Price: \$25.00
Available at: amazon.com and spdbooks.org

Surely, this [Contemporary Bangladeshi Poetry] is
one of [the] best books, most important collections.
—Poet William Heyen

John Digby

(1938-2022)

Before Day Appears

Time your heart-beat
Palpitates in my hand
It's as black as a bat's dream
Of a cave deep inside the moon

You whisper to me
That all roads lead to a solitary star
So distant that I could reach out
And touch it

I hear you chanting
The names of all stars
And one by one
They disappear into the darkness
Leaving swirling holes
Where the peppery hair of the wind fans
Its flames down corridors of memory
Distant grating in the opening fist of space

Time I hear you singing
And your song becomes a river
In which the darkness sparkles
Like the glittering fingers of fear
Before the day appears
With its terrible fins of red

CONTRIBUTORS

Poets and Translations

Alicia Ostriker Álvaro Mata Guillé Amir Or
Baitullah Quaderee Bill Wolak Bishnupada Ray
Carolyn Wright Daniela Negrete Ekok Soubir
Hassanal Abdullah Helena Berg Jaehyung Park Joan Digby
Jyotirmoy Datta Kabir Chowdhury Kalina Izabela Ziola
Maid Corbic Maria Mistrioti Mohammad Nurul Huda
Peter Cole Slava Konoval Stanley H. Barkan Sungrye Han

Poets Contributed in Bengali

Prabir Das Naznin Seamon Ahana Biswas
Tareq Mahmud Shourav Sikder Al Imran Siddiqui
Farhan Ishraq Chandan Das Laila Farzina Al Noman

Letters to the Editor

Teodozia Zarivna Kalina Izabela Ziola
Majed Mahtab Ehsanul Habib

Cover Art

Jacek Wysocki

Shabdaguchha Press
Woodhaven, New York
ISSN 1531-2038